# ১৮ দিন পর হাসপাতাল থেকে ছাড়পত্র পেলেন নুরুল হক নুর



সংগৃহীত ছবি

বিজয়নগরে সংঘর্ষে আহত হওয়ার পর দীর্ঘ ১৮ দিন চিকিৎসাধীন থাকার পর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন গণ অধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর। আপাতত তিনি গণমাধ্যমে কথা বলবেন না এবং অন্য হাসপাতালে ভর্তি হওয়ার বিষয়ে আলোচনা চলছে।

গণ অধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর অবশেষে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। আজ সোমবার (১৫ সেপ্টেম্বর) বিকেল সাড়ে চারটার দিকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল থেকে তাকে ছেড়ে দেওয়া হয়। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন দলটির সাধারণ সম্পাদক রাশেদ খান।

তিনি জানান, বর্তমানে নুর গণমাধ্যমের সামনে কথা বলতে পারছেন না। তবে তাকে অন্য একটি হাসপাতালে ভর্তি করার বিষয়ে দলের ভেতরে আলোচনা চলছে এবং চূড়ান্ত সিদ্ধান্ত দলীয় ফোরামেই নেওয়া হবে।

এর আগে, গত ২৯ আগস্ট রাজধানীর বিজয়নগর এলাকায় জাতীয় পার্টি ও গণ অধিকার পরিষদের মধ্যে সংঘর্ষে আহত হন নুরসহ আরও কয়েকজন নেতা-কর্মী। আহত অবস্থায় প্রথমে তাকে ঢামেকের নিবিড় পরিচর্যা ইউনিটে (আইসিইউ) রাখা হয়। পরবর্তীতে অবস্থার উন্নতি হলে তাকে কেবিনে স্থানান্তর করা হয়

LENS ASIA